গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
১৪, আবদুল গণি রোড, ঢাকা।
www.rd.gov.bd

# পরিপত্র

রেজিস্ট্রেশন ম্যানুয়েল-২০১৪ এর ৬ষ্ঠ খন্ডে বর্ণিত বিভাগীয় আদেশ ও নির্দেশাবলীর ৩০৮ (গ) অনুচ্ছেদে অতিরিক্ত মোহরারদের (নকলনবীশ) প্রবেশের বয়সসীমা "১৮ বছরের নিম্নে নহে এবং ৩০ (ত্রিশ) বছরের উর্দ্ধে নহে" মর্মে বিধান রয়েছে। অপরদিকে ১৮-৩০ বছর বয়সের নাগরিকগণ সরকারি, আধাসরকারি, রাষ্ট্রায়াত্ত্ব কিংবা বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরীর জন্য প্রচেষ্টা অব্যাহত রাখে। অতিরিক্ত মোহরারগণ কাজের বিনিময়ে পারিশ্রমিক ভিত্তিতে নিয়োজিত হয়ে থাকে। অতিরিক্ত মোহরার পদ কোন নিয়মিত বেতনভুক্ত পদ নহে বিধায় ৩০ বছর বয়স অতিক্রান্তের পূর্বে কেহ এক্সট্রা মোহরার পদে নিয়োগ লাভে আগ্রহী হন না। ১৯৮৩ সালে প্রণীত রেজিস্ট্রেশন বিধিমালায় অতিরিক্ত মোহরার নিয়োগের ক্ষেত্রে বয়সের কোন বিধি নিষেধ ছিল না। অতিরিক্ত মোহরারদের চাকুরী সরকারি চাকুরী নয় বিধায় এক্সট্রা মোহরার হিসেবে প্রবেশের বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর করা হলে নিয়োগ সংক্রান্ত জটিলতা অনেকাংশে কমে আসবে। সরকারের অনুমোদনক্রমে এক্সট্রা মোহরারদের (অতিরিক্ত নকলনবীশ) প্রবেশের বয়সসীমা ১৮-৩০ বছরের স্থলে ১৮-৪০ বছর সংশোধন করা হল।

সেহেতু রেজিস্ট্রেশন ম্যানুয়েল-২০১৪ এর ৬ষ্ঠ খন্ডে বর্ণিত বিভাগীয় আদেশ ও নির্দেশনাবলীর ৩০৮ (গ) অনুচ্ছেদে বর্ণিত বিধানে এক্সট্রা মোহরারদের (অতিরিক্ত নকলনবীশ) প্রবেশের বয়সসীমা ১৮ বৎসরের কম এবং ৩০ বৎসরের বেশি বয়সধারী নহে" শব্দগুচ্ছর স্থলে "১৮ বৎসরের কম এবং ৪০ বৎসরের বেশি বয়সধারী নহে" শব্দগুচ্ছ প্রতিস্থাপিত হবে।

স্বা/-
(খান মোঃ আবদুল মান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-নিঅ/রেজিঃশাখাঃ-৫ (রাঃবিঃ)/২৩৪৪ (৫৬০) তারিখ- ১৫/০২/১৮খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:-

১। সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনার্থে প্রেরণ করা হলঃ

১। জেলা রেজিস্ট্রার ...........................(সকল)। সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের জন্য বলা হল।

২। সাব-রেজিস্ট্রার...................... (সকল)।

৩। অফিস কপি।

স্বা/-
(খান মোঃ আবদুল মান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন,
বাংলাদেশ, ঢাকা।